**Zimbra** ictbr@railway.gov.bd

# ই-মেইল নিরাপত্তা নিশ্চিতকরণে করণীয় বিষয়ে গুরুত্বপূর্ণ নির্দেশনা

**From :** Data Center <datacenter@bcc.gov.bd> Mon, Aug 04, 2025 12:36 AM

**Subject :** ই-মেইল নিরাপত্তা নিশ্চিতকরণে করণীয় বিষয়ে গুরুত্বপূর্ণ নির্দেশনা

**Cc :** mofizur.rahman <mofizur.rahman@bcc.gov.bd>, rezwana.sharmin <rezwana.sharmin@bcc.gov.bd>

**সম্মানিত গ্রাহক,**

বর্তমানে অনেক ব্যবহারকারী ই-মেইলের ইনবক্সে এমন কিছু স্প্যাম ই-মেইলের সম্মুখীন হচ্ছেন, যেগুলো প্রথম দেখায় আসল মনে হলেও আসলে তা ভুয়া এবং ক্ষতিকর। এই ধরনের ই-মেইলের মাধ্যমে আপনার ব্যক্তিগত তথ্য ও পাসওয়ার্ড চুরি হতে পারে এবং আপনার ই-মেইল অ্যাকাউন্ট হ্যাক হওয়ার ঝুঁকি থাকে।

**ই-মেইল ব্যবহারকারীদের করণীয়:**

**১. পাসওয়ার্ড সংক্রান্ত সতর্কতা:**

- পাসওয়ার্ড নিয়মিত (কমপক্ষে তিন মাস অন্তর) পরিবর্তন করুন।
- শক্তিশালী পাসওয়ার্ড ব্যবহার করুন (বড়-ছোট অক্ষর, সংখ্যা, ও বিশেষ চিহ্ন সমন্বিত কমপক্ষে ৮ অক্ষরের)।
- কারো সাথেই পাসওয়ার্ড শেয়ার করবেন না – এটি ব্যক্তিগত ও গোপনীয়।

**২. সন্দেহজনক ই-মেইল এড়িয়ে চলুন:**

- সন্দেহজনক উৎস থেকে আসা ই-মেইল খোলার আগে ভালোভাবে প্রেরকের ঠিকানা যাচাই করুন।
- কোনও অজানা লিংকে ক্লিক করার আগে তার নিরাপত্তা নিশ্চিত করুন।
- "Activate Your Account", "Quota Increase" ইত্যাদি শিরোনামের ই-মেইল উপেক্ষা করুন – এগুলো ফিশিং অ্যাটাক হতে পারে।

**৩. সংযুক্তি ব্যবহারে সতর্কতা:**

- ই-মেইলের সঙ্গে প্রাপ্ত যে কোনও সংযুক্তি (attachment) ডাউনলোডের আগে অ্যান্টি-ভাইরাস দিয়ে স্ক্যান করুন।
- হ্যাকাররা প্রায়ই সংযুক্তির মাধ্যমে ভাইরাস বা ম্যালওয়্যার প্রেরণ করে।

**৪. সিস্টেম ও ব্রাউজার ব্যবস্থাপনা:**

- সর্বশেষ সংস্করণের অপারেটিং সিস্টেম, অ্যান্টি-ভাইরাস ও ব্রাউজার ব্যবহার করুন।
- ব্রাউজারের "Password Save" ও "Auto Complete" ফিচার নিষ্ক্রিয় রাখুন।

- অফিসিয়াল ইমেইল ব্যবহার করে পাবলিক ওয়েবসাইটে রেজিস্ট্রেশন এড়িয়ে চলুন।

**৫. অ্যাকাউন্ট ব্যবস্থাপনা:**

- দীর্ঘ সময় কম্পিউটার থেকে দূরে থাকলে ই-মেইল থেকে লগআউট করুন।
- পাসওয়ার্ড ফাঁস হয়েছে বলে সন্দেহ হলে সঙ্গে সঙ্গে তা পরিবর্তন করুন।
- ই-মেইল অ্যাকাউন্টের নিরাপত্তা বৃদ্ধির জন্য 2 Factor Authentication (2FA) ব্যবহার করুন।

📧 ই-মেইল সংক্রান্ত যেকোনো প্রশ্নের জন্য যোগাযোগ করুন:

- **Email:** datacenter@bcc.gov.bd
- **Phone:** +88 02 55006840
- **Support Portal:** support.bcc.gov.bd

Regards
National Data Center Operation Team
Bangladesh Computer Council (BCC)
Phone: +88 02 55006840